গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় মৌলভীবাজার
(জেএম শাখা)
www.moulvibazar.gov.bd

বিষয় : মৌলভীবাজার জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্য বিবরণী:

সভাপতি : মো: কামরুল হাসান
জেলা ম্যাজিস্ট্রেট
মৌলভীবাজার।

তারিখ : ১০.০২.২০১৫খ্রি:।

সময় : বেলা ০২.১৫ ঘটিকা।

স্থান : জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভায় জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

বিগত সভার কার্য বিবরণী নিশ্চিতকরণ

সভাপতি জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির বিগত ১১.০১.২০১৫খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সদয় সম্মতিক্রমে জনাব মোহাম্মদ ফারুক আহমদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার কর্তৃক বিগত সভার কার্য বিবরণীপাঠ করে শুনানো হয়। কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনীবা সংযোজনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদনকরা হয়। অত:পর বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও বিবেচ্য সভার আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করা হয়।

০২। **আলোচ্য বিষয় : উপজেলা/ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা:**

জনাব মোহাম্মদ ফারুক আহমদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার সভাকে অবহিত করেন, মৌলভীবাজার জেলার সীমান্তবর্তী ৫টি উপজেলার মধ্যে ৫টিতে এবং ২২টি ইউনিয়নের মধ্যে ২২টি ইউনিয়ন পরিষদে জানুয়ারি, ২০১৫ মাসে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় উক্তসভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হলে চোরাচালান প্রতিরোধ করা অনেকটা সম্ভব মর্মে সভাপতি সভায় অভিমত ব্যক্ত করেন এবং সীমান্তবর্তী উপজেলা ও ইউনিয়ন পর্যায়েঅনুষ্ঠিত সভায় বিজিবি'র প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করাসহ উক্ত সভা অনুষ্ঠানের তারিখ বিজিবি সাথে আলোচনাক্রমে নির্ধারণ করার বিষয়ে উপজেলা নির্বাহীঅফিসারগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিজিবিকে সভায় উপস্থিত থাকার নিমিত্ত ইস্যুকৃত নোটিশের প্রাপ্তি স্বীকারপত্র সংরক্ষণে রাখার, প্রাপ্তি স্বীকার পত্রের অনুলিপি এ কার্যালয়েপ্রেরণের বিষয়টিও সভায় আলোচনা করা হয়। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয়ের কার্যালয়েঅনুষ্ঠিত আঞ্চলিক টাস্কফোর্সের সভায় বিজিবি, সিলেট কর্তৃক জেলার সীমান্তবর্তী ইউনিয়নসমূহে অনুষ্ঠিত সভা ও চোরাচালান অভিযানের উপস্থাপিত তথ্যের সাথে এ কার্যালয়েসরবরাহকৃত তথ্যের যাতে কোন গরমিল পরিলক্ষিত না হয় সে বিষয় সর্ম্পকে সভাপতি পুনরায় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণকরেন। বনজদ্রব্য পরিবহন(নিয়ন্ত্রণ) বিধিমালা. ২০১১ এর বিধি ১৩ অনুযায়ী ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচারমাঠ বা টিম্বার প্রসেসিং ইউনিট স্থাপন করতে হলে বিভাগীয় বন কর্মকর্তারনিকট হতে লাইসেন্স গ্রহণ ব্যাতিরেকে কোন ভিনিয়ার ফ্যাক্টরী, ফার্নিচারমাঠ বা টিম্বার প্রসেসিং ইউনিট স্থাপন ও পরিচালনা করা যাবে না মর্মে সভাকে পুনরায় অবহিত করা হয়। সীমান্তবর্তী এলাকায় করাত কল সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

প্রতিপালন করার এবং অবৈধ করাতকলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকালে সম্পুর্ন রূপে বিদ্যুতের লাইন সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। কুলাউড়া উপজেলার বরমচাল ইউনিয়নে অবৈধ দু'টি করাত কলের মধ্যে ০১টি করাত কল উচ্ছেদ করা হয়েছে মর্মে উপজেলা নির্বাহীঅফিসার, কুলাউড়া কর্তৃক সভাকে অবহিত করা হয়। অপর করাত কলের বিষয়ে কোন তথ্যাদি পাওয়া যায় নি। এ বিষয়ে পুনরায় উপজেলা নির্বাহীঅফিসার, কুলাউড়া এবং সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল এর দৃষ্টি আকর্ষণকরা হয়।

চোরাচালান অভিযানে গ্রেফতারকৃত এবং অভিযুক্ত চোরাকারবারীদের বিচারের মাধ্যমে শাস্তি নিশ্চিত করতে আইনগত ও সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণকরা হয়।

কুলাউড়া উপজেলাধীন শরীফপুর ইউনিয়নের রাস্তার পাশে একটি বাড়িতে প্রায়শ:ই মাদক বিক্রী হচ্ছে মর্মে প্রাপ্ত তথ্য এবং সীমান্তের ওপার হতে প্লাষ্টিক বোতলের ফেনসিডিল শরীফপুর দিয়ে শমসেরনগর হয়ে এ জেলায় প্রবেশ সম্পর্কিত বিষয়ে অগ্রগতি অবহিত না করায় সভায় কারণ জানতে চাওয়া হয় ।

মৌলভীবাজার জেলার সীমান্তবর্তী উপজেলা ও ইউনিয়নে জানুয়ারি, ২০১৫ মাসে অনুষ্ঠিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভার বিবরণী নিম্নরূপ-

উপজেলার নাম	সভা অনুষ্ঠানের তারিখ	সীমান্তবর্তী ইউনিয়নের নাম	সভা অনুষ্ঠানের তারিখ	
শ্রীমঙ্গল	২৯.০১.২০১৫	সিন্দুরখান	১২.০১.২০১৫	
		আশিদ্রোন	২৫.০১.২০১৫	
		রাজঘাট	২৭.০১.২০১৫	
		কালীঘাট	২৭.০১.২০১৫	
		সাতগাঁও	২৮.০১.২০১৫	
কমলগঞ্জ	২৬.০১.২০১৫	শমসেরনগর	২৯.০১.২০১৫	
		আলীনগর	১১.০১.২০১৫	
		আদমপুর	২২.০১.২০১৫	
		মাধবপুর	২৯.০১.২০১৫	
		ইসলামপুর	২৯.০১.২০১৫	
কুলাউড়া	০৫.০১.২০১৫	শরীফপুর	৩১.০১.২০১৫	
		কর্মধা	২৮.০১.২০১৫	
		পৃথিমপাশা	১১.০১.২০১৫	
জুড়ী	১৮.০১.২০১৫	গোয়ালবাড়ী	২৬.০১.২০১৫	
		সাগরনাল	২৮.০১.২০১৫	
		পূর্ব জুড়ী	২৫.০১.২০১৫	
		ফুলতলা	২৬.০১.২০১৫	
বড়লেখা	২৬.০১.২০১৫	উত্তর শাহবাজপুর	১২.০১.২০১৫	
		দক্ষিণ শাহবাজপুর	১৮.০১.২০১৫	
		বড়লেখা সদর	২৮.০১.২০১৫	
		দক্ষিণভাগ উত্তর	২৯.০১.২০১৫	
		দক্ষিণভাগ দক্ষিণ	১২.০১.২০১৫	

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
1.	প্রতিমাসের সভা অনুষ্ঠানের একটি নির্ধারিত তারিখ ও সময় নির্ধারণক্রমে সীমান্তবর্তী উপজেলা ও ইউনিয়নসমূহে নিয়মিতভাবে চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, কুলাউড়া, জুড়ী, শ্রীমঙ্গল, কমলগঞ্জ।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
2.	বিজিবি সাথে আলোচনা করে সভার তারিখ নির্ধারণ করতে হবে এবং প্রতি মাসের ০১ তারিখের মধ্যে বিশেষ বাহক/ফ্যাক্স/ই-মেইল মারফতে সভার তারিখ সম্বলিত তথ্যাদি এ কার্যালয়েপ্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, কুলাউড়া, জুড়ী, শ্রীমঙ্গল, কমলগঞ্জ। ৪৬ ও ৫২ বিজিবি, শ্রীমঙ্গল
3.	বিজিবি কর্তৃক গ্রহণকৃত নোটিশের প্রাপ্তি স্বীকারপত্র এবং সভার কার্যবিবরণীর অনুলিপি এ কার্যালয়ও সেক্টর কমান্ডার, বিজিবিকে ফ্যাক্স/ই-মেইল যোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ঐ
4.	সীমান্তবর্তী এলাকার সন্নিকটে করাতকল স্থাপনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার এবং অবৈধ করাতকলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকালে বিদ্যুতের লাইন সম্পূর্ন রুপেসরিয়ে ফেলার মাধ্যমে স্থায়ীভাবে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার ব্যবস্থা গ্রহনে কার্যকরীব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা/ কুলাউড়া, জুড়ী, শ্রীমঙ্গল, কমলগঞ্জ, জি,এম, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল।
5.	বনজদ্রব্য পরিবহন(নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ এর বিধি ১৩ অনুযায়ী অননুমোদিত ফার্নিচার দোকানের তালিকা প্রস্তুত এবং এসব অবৈধ ফার্নিচার দোকান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্বাহী কর্মকর্তা বড়লেখা/ কুলাউড়া, জুড়ী, শ্রীমঙ্গল, কমলগঞ্জ, সহকারী বন সংক্ষক, শ্রীমঙ্গল।
6.	চোরাকারবারীদের দৌরাত্ম রোধকল্পে গ্রেফতারকৃত/অভিযুক্ত চোরাকারবারীরা যাতে আইনের ফাঁকফোকরে জামিন কিংবা বিচারে খালাস হতে না পারে সে দিকে সতর্ক দৃষ্টি রাখার অনুরোধ জানানো হলো।	বিজ্ঞ পি. পি, মৌলভীবাজার।
7.	কুলাউড়া উপজেলার শরীফপুর ইউনিয়নের রাস্তার পাশে অবস্থিত মাদক ব্যবসায়ীদের বাড়ি চিহ্নিত করে অভিযান পরিচালনাপূর্ব কমাদক বিক্রি রোধসহ সীমান্তের ওপার হতে প্লাষ্টিক বোতলের ফেনসিডিল শরীফপুর-শমসেরনগর হয়ে এ জেলায় প্রবেশ রোধে কার্যকরীব্যবস্থা গ্রহণক্রমে এ কার্যালয়কেঅবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।	অধিনায়ক, ৪৬ বিজিবি, শ্রীমঙ্গল, উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, কমলগঞ্জ, তত্ত্বাবধায়ক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর , মৌলভীবাজার।

০৩। **আলোচ্য বিষয় -** বর্ডার গার্ড বাংলাদেশ

জেলার ০৫টি সীমান্তবর্তী উপজেলায় জানুয়ারি, ২০১৫ মাসে ৪৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন শ্রীমঙ্গল কর্তৃক সর্ব মোট৩৯০টি অভিযান এবং ৫২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন বিয়ানীবাজার(বর্তমানে শ্রীমঙ্গল), সিলেট কর্তৃক ৩০টি অভিযান পরিচালনা সংক্রান্ত তথ্যাদি পাওয়া যায়। সকল বিভাগ কর্তৃক সর্বমোট ৪২০টি অভিযানে সর্ব মোট ৫০,০৮,৩৩৭/-(পঞ্চাশ লক্ষ আট হাজার তিনশত সাইত্রিশ) টাকার মালামাল উদ্ধার এবং ৮৮টি মামলা দায়ের করা হয়। ০২জনকে আটক করা হয় মর্মে প্রতিবেদন দাখিল করা হয়। সীমান্ত এলাকায় চোরাচালান বিরোধী অভিযান আরো বৃদ্ধি করার জন্য সভাপতি স্ব-স্ব অধিনায়কগণকে অনুরোধ জানান। সভায় জানানো হয়, চোরাচালান বিরোধী অভিযানকালে গাঁজাসহ মাদকদ্রব্যের বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে নিষ্পত্তি করা যায় কিন্তু সীমান্ত এলাকা দিয়ে অবাধে প্রবেশকৃত ফেনসিডিলের বিষয়ে অনেক ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অপর পাতা দ্রষ্টব্য

৪৬, weRe, nEDwNm LaL জানুয়ারি, ২০১৫ মাসে নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে ঃ

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি/ ২০১৫	৩৯০	ভারতীয় বিভিন্ন প্রকার মদ 1৯৫বোতল, বিভিন্ন প্রকার কাঠ ৫৮৩.৩৬ঘনফুট, ভারতীয় গর্জন কাঠ ৪৩পিচ, ভারতীয় কোরেক্স ১০ বোতল, বাংলা মদ ২১ লিটার, ভারতীয় বাই-সাইকেল ০২, ভারতীয় নাসির বিড়ি ১১,১৪,০০০টি, ভারতীয় হিরো হোন্ডা ০১টি, ভারতীয় ডিসকভার মোটর সাইকেল ০১টি, ভারতীয় গন্ডকের মোড়া ২,৬৭৩কেজি, সিএনজির টায়ার ০৩টি, টিউব ০২টি, সিএনজি স্প্রিং ০২টি, ভারতীয় ভেসমল ১২টি, ভারতীয় জেনারেটর ০১টি, প্লাস্টিক বস্তা ৯৫টি।	৩৫,৬১,৮৫০/-	৫৮	-

৫২ বিজিবি, বিয়ানীবাজার, সিলেট, বর্তমানে শ্রীমঙ্গল কর্তৃক জানুয়ারি/২০১৫ মাসের কার্য ক্রম নিম্নরূপ

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি ২০১৫	৩০	বাংলাদেশী মুলি বাঁশ ৪,৪৪০টি, ম্যাকডুয়েল মদ ০৭ বোতল, বেগ পাইপার মদ ০৫ বোতল, বাংলাদেশী বনডুগি কচু ১৪০ কেজি, প্লাস্টিক বস্তা ০৬টি, বাংলাদেশী গোল কাঠ ১৬৩.৪৬ ঘনফুট, এমসি ডুয়েলস মদ ১৫বোতল, অফিসার্স চয়েস মদ ২৮ বোতল, বাংলাদেশী খাঁন বাশ ৩২৫টি, লোহার টেলাগাড়ী ০১টি, বাংলাদেশী কাঠ ৩৯৭আরএফটি, জ্বালানী কাঠ ১৮৭মন, বাংলাদেশী রাঙা গোল কাঠ ১৮.২০ ঘনফুট, বনাক গোল কাঠ ১.৮২ঘনফুট, কড়ই কাঠ ১১.৬৬ঘনফুট, প্যারিস কাঠ ৪.৭৬ঘনফুট, প্যারিস বল্লী কাঠ ১৩২আরএফটি, এসসি ডুয়েলস মদ ১০বোতল, ম্যাজিক মদ ০২বোতল, প্লাস্টিক ব্যাগ ০৩টি, বাংলাদেশী কেরু মদ ০২লিটার, ডিসকভার মোটর সাইকেল ০১টি, হিরো মোটর সাইকেল ০১টি, ভারতীয় মোটর সাইকেল ০১টি, বনায়ন গোল কাঠ ২২.৭৫ঘনফুট, বিভিন্ন প্রকার বল্লী কাঠ ১৪২আরএফটি, এমসি ডুয়েলস মদ ১২বোতল, হুইস্কি ম্যাজিক মদ ১৩বোতল, সেগুণ কাঠ ১০.০৫ঘনফুট, আকাশমণি কাঠ ৭৩ঘনফুট, বাংলাদেশী বিভিন্ন প্রকার গোল কাঠ ১১.৯০ঘনফুট, বল্লী কাঠ ৩২৩আরএফটি, জ্বালানী কাঠ ১৮০ঘনফুট, ভারতীয় আনসি ড্রপস মদ ০২বোতল, সালমক ট্যাবলেট ০১কেজি, বিভিন্ন প্রকার গোল কাঠ ২২.২২ঘনফুট, ভারতীয় বাজাজ বক্সার মোটর সাইকেল ০১টি।	১৪,৪৬,৪৮৭/-	৩০	--

চলমান পৃষ্ঠা ০৫/১১

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
1.	সীমান্ত এলাকা দিয়ে ফেনসিডিলসহ চোরাচালানী প্রবেশ রোধকল্পে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় এ মর্মে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।	অধিনায়ক, ৪৬বিজিবি, শ্রীমঙ্গল, ৫২ বিজিবি, বিয়ানীবাজার, সিলেট, বর্তমানে শ্রীমঙ্গল।
2.	সর্তকতা অবলম্বনক্রমে চোরাচালান বিরোধী অভিযানের সংখ্যা আরও বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো।	অধিনায়ক, ৪৬বিজিবি, শ্রীমংগল, ৫২ বিজিবি, বিয়ানীবাজার, সিলেট, বর্তমানে শ্রীমঙ্গল। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার রেঞ্জ, শ্রীমঙ্গল, সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল।

০৪। **<u>আলোচ্য বিষয়</u>** - পুলিশ বিভাগ :

পুলিশ সুপার, মৌলভীবাজার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে জানুয়ারি, ২০১৫ মাসে সর্ব মোট৪৫টি অভিযান পরিচালনার মাধ্যমে ৫৫,৯০০/- টাকার মালামাল উদ্ধার এবং ২৩টি মামলা দায়েরসহ ২৭জনকে আটক করা হয় মর্মে উল্লেখ করা হয়। তাছাড়া জেলা অভ্যন্তরে চোরাচালান বিরোধী অভিযান আরো বৃদ্ধির জন্য পুলিশ সুপার, মৌলভীবাজার এ দৃষ্টি আকর্ষণকরা হয়।

পুলিশ বিভাগ কর্তৃক জানুয়ারি, ২০১৫ মাসে চোরাচালান প্রতিরোধ সম্পর্কিত কার্য ক্রমনিম্নরুপ-

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি, ২০১৪	৪৫	চোলাই মদ ১২৯লিটার, গাঁজা ০১কেজি ৩২৫গ্রাম, ইয়াবা ৫৩পিচ, অফিসার্স চয়েস মদ০৩ বোতল।	৫৫,৯০০/-	২৩	২৭

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণি তসিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
1.	চোরাচালান বিরোধী অভিযানের কার্য ক্রম জোরদার করার মাধ্যমে চোরাকারবারীদের আইনের আওতায় আনয়নের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	পুলিশ সুপার, মৌলভীবাজার।

০৫। **<u>আলোচ্যে বিষয়-</u>** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিভাগ :

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান, জানুয়ারি, ২০১৫ মাসে সর্ব মোট১৬ অভিযান পরিচালনা করা হয়; অভিযানে ০২টি মামলা দায়ের ও ০৩জনকে আটক করা হয়; সর্বমোট ৩,০৬,৮০০/- টাকার মালামাল আটক ক্রমে প্রতিবেদন দাখিল করা হয়। সভাপতি মাদকবিরোধী অভিযানের সংখ্যা আরো বৃদ্ধিকরণ, বিশেষ করে হেরোইন, গাঁজা ও ফেনসিডিল জাতীয় মাদকদ্রব্য উদ্ধারে অধিক অভিযান পরিচালনার পরামর্শ প্রদান করেন। তাছাড়া উপজেলা পর্যায়ে সকল অভিযান পরিচালনা কালে উপজেলা নির্বাহীঅফিসার, চা বাগানে অভিযান পরিচালনাকালে বাগানের ম্যানেজারকে অবহিতক্রমে অভিযান পরিচালনা করা হলে তা ফলপ্রসু হয় মর্মে তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার রেঞ্জ, শ্রীমঙ্গল এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়। বাগানের অভ্যন্তরে মদের- দোকান না রেখে যে সকল মদের দোকান বাগানের বাহিরে পরিচালিত হচ্ছে সে সকল মদের দোকানের তালিকা তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার হতে অদ্যাবধি পাওয়া যায়নি। সভায় জানানো হয় যে, মৌলভীবাজার শহরের বিভিন্ন স্থানে মাদকের ব্যবসা ও সেবন চলছে। এ সকল স্থান চিহ্নিত করে অভিযান পরিচালনা করা এবং নজরদারী বৃদ্ধি করার জন্য নির্দে শনাপ্রদান করা হয়।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

বিশেষ করে প্রতিদিন সন্ধ্যার পর মৌলভীবাজার সদর হাসপাতালের পিছনে, শহরের রামকৃষ্ণ মিশন রোড, সুইপার কলোনীর আশপাশে, জেলার বিদ্যুৎ অফিস এবং মৌলভীবাজার স্টেডিয়ামের মধ্যবর্তী পাকা রাস্তায় এবং চাঁদনীঘাট ব্রীজ সংলগ্ন এলাকায় মাদকসেবীদের দৌরাত্ব লক্ষ্য করা যায়। এ সকল এলাকায় যথাসময়ে অভিযান পরিচালনা করা হলে মাদকদ্রব্যসহ চিহ্নিত মাদক ব্যবসায়ী এবং মাদকসেবীর সন্ধান পাওয়া যাবে মর্মে সভায় পুনরায় জানানো হয়। সভায় জানানো হয় যে, জেলার ভাড়াউড়া, লুয়াইউনি, হলিছড়া, মাথিউরা, গাজীপুর ও ক্লিবডন চা বাগানসহ অন্যান্য চা বাগানের অভ্যন্তরের মদের পাট্টাগুলো বাগানের বাহিরে ও বস্তিতে স্থানান্তর করে মদের ব্যবসা পরিচালনা করায় সাধারণ মানুষ মদ্যপানের সুযোগ পাচ্ছেন। তাছাড়া এক বাগান হতে অন্য বাগানে মদ, গাঁজা বিক্রীর উদ্দ্যেশে স্থানান্তরিত হচ্ছে মর্মে অভিযোগ রয়েছে। এ অবস্থা থেকে পরিত্রাণের লক্ষ্যে এখনই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। সভায় হোমিওপ্যাথিক ফার্মেসীগুলো এ্যালকোহল নিয়ম মোতাবেক ব্যবহার/বিক্রি করছে কিনা ও রেজিষ্টার ব্যবহার করা হচ্ছে কি না এ সকল বিষয়ে তদারকিসহ সম্ভাব্য ক্ষেত্রে মোবাইল কোর্টে রকার্য ক্রমপরিচালনার উপর গুরুত্বারোপ করা হয়।

j¡cLâhÉ ¢eu¿Z A¢dcçl, ®j±mi£h¡S¡l ®l", nÐ¡wNm কর্তৃক দাখিলকৃত জানুয়ারি/২০১৫ মাসে গৃহ£a কার্যক্রমের বিররণ নিম্নরূপ ঃ

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি, ২০১৫	১৬	বাংলা মদ ৩৪ লিটার, ০১ ফোর স্টোক সিএনজি।	৩,০৬,৮০০/-	০২	০৩

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	কুলাউড়া উপজেলার লুয়াইউনি, হলিছড়া ও গাজীপুর চা বাগান, জুড়ী উপজেলার ক্লিবডন চা বাগান, শ্রীমঙ্গল উপজেলার ভাড়াউড়া চা বাগান, কমলগঞ্জ উপজেলার শমসের নগর চা বাগানসহ জেলার সকল চা বাগানে অবৈধ ও অনিয়মতান্ত্রিকভাবে মদ বিক্রি বন্ধ, এক বাগান হতে অন্য বাগানে মাদক সরবরাহের বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণক্রমে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।	তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার।
০২	মাদক বিরোধী একক অভিযান বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হলো।	তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার।
০৩	উপজেলা পর্যায়ে মাদক বিরোধী সকল অভিযান পরিচালনা কালে উপজেলা নির্বাহী অফিসার এবং চা বাগানে অভিযান পরিচালনার কালে, বাগানের ম্যানেজারকে অবহিত করার জন্য পুনরায় নির্দেশনাপ্রদান করা হলো।	ত্বত্ত্বাবধায়ক, মাদকদ্র নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার।
০৪	মাদক ব্যবসায়ী এবং ব্যবসা প্রতিষ্ঠান চিহ্নিত করে তা ধ্বংস করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে তৎপরতা বৃদ্ধি এবং হেরোইন, গাঁজা ও ফেনসিডিল জাতীয় মাদকদ্রব্যের বিক্রয়, পরিবহণ, চোরাচালান বিষয়ে এবং মৌলভীবাজার সদর হাসপাতালের পেছনে, শহরের রামকৃষ্ণ মিশন রোডে সুইপার কলোনীর আশপাশে, জেলার বিদ্যুৎ অফিস এবং মৌলভীবাজার স্টেডিয়ামের মধ্যবর্তী পাঁকা রাস্তা এবং চাঁদনীঘাট ব্রীজ সংলগ্ন এলাকায় আরো অধিক সংখ্যক অভিযান পরিচালনার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার রেঞ্জ, শ্রীমঙ্গল।
০৪	মৌলভীবাজার সদর হাসপাতালের পেছনে, শহরের রামকৃষ্ণ মিশন রোডে সুইপার কলোনীর আশপাশে, জেলার বিদ্যুৎ অফিস এবং মৌলভীবাজার স্টেডিয়ামের মধ্যবর্তী পাঁকা রাস্তা এবং চাঁদনীঘাট ব্রীজ সংলগ্ন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করা হলো।	ঐ

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	মাদক নিয়ন্ত্রণে রাখার স্বার্থে এ্যালকোহেল ব্যবহারকারী হোমিও প্যাথিক ফার্মেসীতে এ্যালকোহেলের অপব্যবহারকারী হোমিও ফার্মেসীতে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হলো।	ত্বত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট(সকল)
০৬	এ্যালকোহেল ব্যবহারকারী হোমিওপ্যাথিক ফার্মেসীগুলোর তালিকা, জেলার চা বাগানসমূহে অবস্থিত লাইসেন্সপ্রাপ্ত পাট্রা/দোকানের তালিকা, বাগানের অভ্যন্তরে পরিচালিত না হয়ে বাগানের বাহিরে পরিচালিত হচ্ছে এ সকল পাট্রা/দোকানের তালিকা আগামী সভায় উপস্থাপনের জন্য এবং সভার কার্য বিবরণীর অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিল করার জন্য ত্বত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজারকে পুনরায় অনুরোধ জানানো হলো।	ত্বত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার।
০৭	অন্যান্য এলাকাসহ বর্ণি ত এলাকায় মাদক ব্যবসা ও সেবন চলাকালীন সঠিক সময়ে বারবার অভিযান পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করা হলো। মাদক ব্যবহার সংক্রান্ত নতুন করে কোন পারমিট/লাইসেন্স প্রদান না করার জন্যও পুনরায় অনুরোধ জানানো হলো।	তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার।

০৬। আলোচ্য বিষয় - বন বিভাগ :

সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল সভায় জানান, জানুয়ারি, ২০১৪ মাসে বন বিভাগ কর্তৃক সর্ব মোট২৪টি অভিযান পরিচালনার মাধ্যমে ২৪টি মামলা দায়েরসহ ৫,৮৮,৪৮৮/- টাকার মালামাল উদ্ধার করা হয়; কোন আটক নেই। সরকারি বন থেকে অবাধে বৃক্ষ নিধন এবং কাঠ পাচারের বিরুদ্ধে বন বিভাগের অধিক তৎপর হওয়া জরুরী বলে সভায় অভিমত প্রকাশ করা হয়। তাছাড়া রাস্তায় চেকপোস্ট বসিয়ে সীমান্তবর্তী এলাকায় সরকারি বনাঞ্চল হতে কাঠ পাচারকারীদের উৎপাত বন্ধ করার জন্য বন বিভাগ কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা জরুরী বলে সভায় মত প্রকাশ করা হয়। সভায় আরো জানানো হয়, রেঞ্জ অফিসমূহের সামনে দিয়ে চোরাইকৃত বৃক্ষাদি পাচাররোধে বন বিভাগকে দায়িত্বশীল ভূমিকা পালনসহ জেলার অভ্যন্তরে কাঠ চোরাচালানীদের বিরুদ্ধে অভিযান আরো জোরদার করার জন্য সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গলকে নির্দে শনা প্রদান করাহয়।

জানুয়ারি, ২০১৫ মাসে বন বিভাগ কর্তৃক গৃহীত কার্য ক্রমনিম্নরুপ-

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	সম্ভাব্য মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি ২০১৫	২৪	সেগুন ও বিবিধ গোল কাঠ ৪০৮.০৩ঘনফুট, বিবিধ জ্বালানী ৪০৬.০০ঘনফুট, বাঁশ ৪৭৩০, ট্রাক ০১টি।	৫.৮৮.৪৮৮/-	২৪	-

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
1.	সরকারি বন হতে অবাধে বৃক্ষ নিধন এবং কাঠ চোরাচালানকারীদের বিরুদ্ধে অভিযান জোরদার করাসহ সীমান্তবর্তী এলাকায় সরকারি বনাঞ্চল হতে কাঠ পাচারকারীর উৎপাত বন্ধ করার লক্ষ্যে চেকপোস্ট বসিয়ে তা রোধ করার অনুরোধ জানানো হয়।	সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল
2.	বিবেচ্য মাসের প্রতিবেদন না দাখিল না করার কারণ ব্যাখ্যাসহ মাসিক তথ্যাদি সম্বলিত প্রতিবেদন আবশ্যিকভাবে প্রতিমাসের ০১ তারিখের মধ্যে এ কার্য ালয়েপ্রেরন নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।	সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল

০৭। আলোচ্য বিষয়- জিআরপি থানার কার্য ক্রম:

মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল রেলওয়ে থানা এবং কুলাউড়া জি.আর.পি, থানা কর্তৃক বিবেচ্য জানুয়ারি, ২০১৫ মাসে অভিযান পরিচালনার কোন তথ্য পাওয়া যায়নি । রেলওয়ে ষ্টেশন ও ষ্টেশন এলাকায় মাদকদব্যসহ চোরাচালানের তৎপরতা

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

বিদ্যমান থাকে। চোরাচালান প্রতিরোধে একক অভিযানের পাশাপাশি সংশ্লিষ্ট রেলওয়ে পুলিশকে উপজেলা নির্বাহী অফিসার ও বিজিবিসহ অন্যান্য বিভাগের সাথে যোগাযোগক্রমে চোরাচালান প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য রেলওয়ে পুলিশকে পরামর্শ প্রদান করা হয়। জি.আর.পি থানা, কুলাউড়া/শ্রীমঙ্গল কর্তৃক জানুয়ারি ২০১৫খ্রি: মাসে অভিযান পরিচালনার না করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

জি.আর.পি, কুলাউড়া/শ্রীমঙ্গল কর্তৃক জানুয়ারি, ২০১৫ মাসের তথ্যাদি নিম্নরুপ-

ক) শ্রীমঙ্গল রেলওয়ে থানাঃ

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি, ২০১৫	-	-	-	-	-

খ) কুলাউড়া রেলওয়ে থানাঃ

মাস	অভিযানের সংখ্যা	আটককৃত মালামালের বিবরণ	মূল্য	দায়েরকৃত মামলা	আটককৃত ব্যক্তি
জানুয়ারি, ২০১৫	-	-	-	-	-

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
1.	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারসহ অন্যান্য বিভাগের সাথে যোগাযোগক্রমে নিয়মিত অভিযান পরিচালনাক্রমে প্রতি মাসের ০১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া/কমলগঞ্জ/শ্রীমঙ্গল, ৪৬ ও ৫২ বিজিবি, শ্রীমঙ্গল, সিলেট। অফিসার্স ইনচার্জ, আরপি থানা, শ্রীমঙ্গল/কুলাউড়া
2.	চোরাচালান অভিযান পরিচালনা না করা এবং নিয়মিত মাসিক প্রতিবেদন দাখিল না করার বিষয়ে আগামী সভায় উপস্থিত হয়ে ব্যাখ্যা প্রদানের জন্য বলা হলো।	

০৮। আলোচ্য বিষয়- জ্বালানী তেলের পাচার রোধঃ

সভাপতি জানান, জেলার সীমান্তবর্তী ০৫টি উপজেলায় জানুয়ারি, ২০১৫খ্রি: মাসে এ জেলায় ৮৬৬২০০লিঃ জ্বালানী তেল উত্তোলিত হয়েছে। জ্বালানী তেলের সরবরাহ/বিক্রয় কার্য ক্রম পর্য বেক্ষণও নজরদারী বৃদ্ধি এবং সীমান্ত পথে তেল চোরাচালান/পাচার বা এ উদ্দেশ্যে মজুদের অপচেষ্টা রোধে সতর্ক দৃষ্টি রাখার জন্য সংশ্লিস্ট সকলকে নির্দে শনা প্রদান করা হয়

জানুয়ারি, ২০১৫ মাসের জ্বালানির তথ্যাদি নিম্নরুপ-

দ্রব্যের নাম	পূর্ব বর্তী মাসের মজুদ(লি:)	জানুয়ারি/১৫মাসে উত্তোলন (লি:)	মোট মজুদ (লি:)	জানুয়ারি/১৫মাসে মোট বিক্রয় (লি:)	বিক্রয় শেষে মোট মজুদ (লি:)	মন্তব্য
পেট্রোল	44781	১৩৫৯০০	১৮০৬৮১	১৩৫৫৮৮	৪৫০৯৩	
অকটেন	20953	৩৯৮০০	৬০৭৫৩	৩৯৬৬৫	২১০৮৮	
ডিজেল	77833	৬৯০৫০০	৭৬৮৩৩৩	৬৯৬৩৯৫	৭১৯৩৮	
মোট-	১৪৩৫৬৭	৮৬৬২০০	১০০৯৭৬৭	৮৭১৬৪৮	১৩৮১১৯	

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
1.	জ্বালানী তেলের সরবরাহ, বিক্রয় কার্যক্রম পর্যবেক্ষ ও নজরদারী বৃদ্ধি এবং সীমান্ত পথে তেল চোরাচালান ও পাচার বা এ উদ্দেশ্যে মজুদের অপচেষ্টা রোধে সতর্ক দৃষ্টি রাখার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	অধিনায়ক, ১৪ বিজিবি, শ্রীমংগল/৫২ বিজিবি, বিয়ানীবাজা, বর্তমানে-শ্রীমংগল/ পুলিশ সুপার, মৌলভীবাজার উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া/ কমলগঞ্জ/ শ্রীমঙ্গল/বিজিবি, শ্রীমঙ্গল, সিলেট।

০৯। **অবৈধ করাত কল উচ্ছেদঃ**

অবৈধ করাত কলসমূহে বিদ্যুৎ সংযোগ না দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জানুয়ারি ,২০১৫ মাসে কোন করাত কল উচ্ছেদ করা হয় নি। করাত কল সংক্রান্ত রীট ও স্বত্ব মামলাগুলো তদারকিতে অধিক গুরুত্ব দেয়ার জন্য সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল এর দৃষ্টি আকর্ষণ করা হয়। । কুলাউড়া উপজেলাধীন বরমচাল ও ভাটেরা ইউনিয়নে সংরক্ষিত বন এলাকায় অবৈধভাবে স্থাপিত করাত কলসমূহের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের আলোকে সরেজমিনে তদন্তক্রমে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য এ কার্যালয় হতে উপজেলা নির্বাহীঅফিসার, কুলাউড়া ও সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল বরাবরে ইতোপূর্বে প্রেরিত পত্রের বিষয়টি সভায় পুন: উল্লেখ করা হয়। এ জেলার অবৈধভাবে পরিচালিত ইটভাটা ও করাতকল বন্ধ এবং দায়ী ব্যক্তিগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয়ের নির্দেশনামতে জেলার সকল অবৈধ ইটভাটায় মোবাইল কোর্ট পরিচালনাপূর্বক প্রতি মাসে ০১ তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন দাখিল করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনাপ্রদান করা হয়। তাছাড়া মৌলভীবাজার জেলায় অবস্থিত অবৈধ করাত কল উচ্ছেদের জন্য সহকারী বন সংরক্ষক ও উপজেলা নির্বাহী অফিসারগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জেলার মোট করাত কলের ৯১টি অবৈধ করাত কলের মধ্যে ৩৮টি করাত কলের রীট ও ৪২টি করাত কলের স্বত্ব মামলার বিষয়ে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল ।
২.	এ জেলার অবৈধভাবে পরিচালিত ইটভাটা/করাতকলে মোবাইল কোর্ট পরিচালনাপূর্বক প্রতিমাসের ০১ তারিখের মধ্যে ছক মোতাবেক মাসিক প্রতিবেদন দাখিল করার জন্য এবং অবৈধ ইটভাটা/করাতকল বন্ধ এবং দায়ী ব্যক্তিগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্বাহী অফিসার(সকল) সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল।
৩.	কুলাউড়া উপজেলাধীন বরমচাল ও ভাটেরা ইউনিয়নে সংরক্ষিত বন এলাকায় অবৈধভাবে স্থাপিত করাত কলসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক সমস্ত করাত কল নীতিমালা অনুযায়ী স্থাপন করা হয়েছে কি না, লাইসেন্স ও পরিবেশগত মেয়াদী ছাড়পত্র আছে কিনা, করাত কলে থাকা গাছের বৈধতা যাচাই করে আগামী সভার পূর্বে আবশ্যিকভাবে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া ও সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল
৪.	অবৈধ করাতকল সমূহে উচ্ছেদ অভিযান অব্যাহত রাখার এবং বিদ্যুৎ সংযোগ না দেয়ার/ অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করার পদক্ষেপ জোরদার করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	জি এম, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল ও সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল।
৫	জেলার অবৈধ করাত কলে মোবাইল কোর্ট পরিচালনার পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার, সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(মো: কামরুল হাসান)
জেলা ম্যাজিস্ট্রেট
মৌলভীবাজার।
ফোন : ০৮৬১-৬৩২০২

dcmoulvibazar@mopa.gov.bd

p¡lL e¢- ০৫.60.5800.০১৩.০6.০4.২০১৫.449(৪০) তারিখ
১2 ফাল্গুন 14২১ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০1৫ খ্রিস্টাব্দ

অনুলিপি- সদর অবগতির জন্য প্রেরন করা হল-

1. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
3. আহবায়ক, কেন্দ্রীয় চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
4. মহা-পরিচালক, বাংলাদেশ বর্ডার গার্ড ব্যাটালিয়ন পিলখানা, ঢাকা।
5. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
6. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, সিলেট।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

7. পুলিশ সুপার, মৌলভীবাজার।
8. অধিনায়ক, ৫২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন বিয়ানীবাজার, সিলেট। বর্তমান অবস্থান- শ্রীমঙ্গল।
9. অধিনায়ক, ৪৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন শ্রীমঙ্গল।
10. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।
11. বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট।
12. নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, মৌলভীবাজার।
13. নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।
14. উপজেলা নির্বাহী অফিসার মৌলভীবাজার সদর/কুলাউড়া/রাজনগর/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/জুড়ী।
15. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার।
16. সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, মৌলভীবাজার।
17. উপ-পরিচালক, এন.এস.আই, মৌলভীবাজার।
18. সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল।
19. আই.আর.পি. আখাউড়া, ব্রাম্মনবাড়িয়া।
20. বিজ্ঞ পি.পি. মৌলভীবাজার।
21. জেনারেল ম্যানেজার, বিএফআইডিসি, শ্রীমঙ্গল।
22. তত্তবাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার রেঞ্জ, শ্রীমঙ্গল।
23. স্টেশন মাস্টার, রেলওয়ে স্টেশন, শ্রীমঙ্গল/কুলাউড়া।
24. অফিসার ইনচার্জ, রেলওয়ে থানা, কুলাউড়া/শ্রীমঙ্গল।
25. সভাপতি, দি মৌলভীবাজার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ মৌলভীবাজার।
26. সভাপতি, প্রেস ক্লাব, মৌলভীবাজার।

(মোহাম্মদ ফারুক আহমদ)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
মৌলভীবাজার।

চলমান পৃষ্ঠা দ্রষ্টব্য

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে):

ক্র: নং	নাম	পদবী
1.	জনাব তোফায়েল আহাম্মদ	পুলিশ সুপার, মৌলভীবাজার।
2.	মেজর সাজমুল	পরিচালক, ৪৬ বিজিবি, শ্রীমঙ্গল।
3.	জনাব মোহাম্মদ ফারুক আহমদ	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
4.	জনাব মো: মুজিবুর রহমান	উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর।
5.	জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা	উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।
6.	জনাব আব্দুল্লাহ হাসান রফিক	উপ-পরিচালক, এন এস আই, মৌলভীবাজার।
7.	জনাব সৈয়দ মোহাম্মদ আমিনুর রহমান	উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা।
8.	জনাব মোহাম্মদ নাজমুল হাসান	উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া।
9.	জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম	উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী।
10.	জনাব আবু সুফিয়ান	পক্ষে- সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মৌলভীবাজার।
11.	জনাব মো: আসাদুজ্জামান ভূইয়া	পক্ষে- জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার।
12.	জনাব এডভোকেট ভূবনেশ্বর পুরকায়স্থ	পি পি, মৌলভীবাজার।
13.	জনাব মোহাম্মদ আশরাফুল আলম খান	উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর।
14.	জনাব শহীদ মোহাম্মদ ছাইদুল হক	উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল।
15.	জনাব মো: নুর আমিন	পক্ষে- সহকারী কমিশনার, কাস্টমস বিভাগ, সিলেট।
16.	জনাব ডা: হেমন্ত কুমার দাস	ভারপ্রাপ্ত সিভিল সার্জন, মৌলভীবাজার।
17.	জনাব জীবন কৃষ্ণ দে	সি এস আই, সদর কোট, মৌলভীবাজার।
18.	জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম	সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।

অনুপস্থিত সদস্যবৃন্দ-

০১) অফিসার ইনচার্জ, রেলওয়ে থানা, শ্রীমঙ্গল/কুলাউড়া ০২) স্টেশন মাস্টার, রেলওয়ে স্টেশন, কুলাউড়া, শ্রীমঙ্গল ০৩)পরিদর্শক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ০৪) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বিভাগ ০৫) ৫২ বিজিবি, শ্রীমঙ্গল ।